

‘শেখ হাসিনার বারতা  
নারী-পুরুষ সমতা’

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
৩৭/৩ ইক্সট্রান গার্ডেন রোড, ঢাকা।

স্মারক নং-৩২.০১.০০০০.০১২.০১২.৬৮.২০- ১৫১

তারিখঃ ২২/১২/২০২২

বিষয়ঃ মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২২-২০২৩ অর্থ বছরের ভাতাভোগী নির্বাচন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের পরিপেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১০ এপ্রিল ২০২২ খ্রি তারিখের সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ২৮ তম সভার সিদ্ধান্ত অনুযায়ী ২০২২-২০২৩ অর্থ বছর সারা দেশে মা ও শিশু সহায়তা কর্মসূচি চালু হয়েছে। জন্মহার, দারিদ্র্যা, এবং পুষ্টি সূচকের উপর ভিত্তি করে ইউনিয়ন ওয়ারি ভাতাভোগীর সংখ্যা বিভাজন করা হয়েছে। উল্লেখ্য যে, প্রতি ইউনিয়ন/পৌরসভা প্রতি মাসে শর্তপূরণ সাপেক্ষে গৰ্ভবতী মহিলা নিজে ইউনিয়ন/পৌর ডিজিটাল সেন্টারে নির্ধারিত ৪০ টাকা ফি প্রদানের বিনিময়ে অথবা উপজেলা তথ্য আপা/তথ্য সেবাসহকারীর নিকট বিনামূল্যে আবেদন করতে পারবেন। আবেদন করার সময় আবেদনকারীর ০৮-০৬ মাসের গৰ্ভাবস্থায় থাকবেন, এবং

- (ক) এন.আই.ডি কার্ড (জাতীয় পরিচয় পত্র)
- (খ) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা / পরিবার পরিকল্পনা দপ্তর প্রদত্ত এ.এন.সি কার্ড (এন্টি নেটাল কেয়ার কার্ড)
- (গ) নিজস্ব মোবাইল/এজেন্ট/অন লাইন ব্যাংক একাউন্টসহ আবেদন করবেন।
- (ঘ) আবেদনকারী অবশ্যই ২০-৩৫ বছর বয়স হতে হবে এবং প্রথম অথবা দ্বিতীয় গৰ্ভাবস্থা হতে হবে।

প্রতিমাসের ইউনিয়ন পর্যায়ে আবেদন গ্রহন অবশ্যই প্রতিমাসের ১-২০ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে এবং প্রাপ্ত আবেদন ২০-২৫ তারিখের মধ্যে ইউনিয়ন পর্যায়ে স্বাস্থ্য পরিবার পরিকল্পনা ও পরিবার পরিকল্পনা দপ্তরের সাথে তথ্য আবশ্যকীয়ভাবে যাচাই বাছাই পূর্বক ইউনিয়ন কমিটির সভার মাধ্যমে প্রাপ্ত প্রাথমিক তালিকা উপজেলা কমিটির নিকট প্রেরণ করবে।

প্রতিমাসের ২৫-৩০ তারিখের মধ্যে প্রাপ্ত প্রাথমিক তালিকা উপজেলা কমিটির মাধ্যমে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তরের মাধ্যমে যাচাই পূর্বক তালিকা উপজেলা কমিটির মাধ্যমে তালিকা চুড়ান্ত অনুমোদন হবে।

মা ও শিশু সহায়তা কর্মসূচির উপকারভোগীদের মাসে মাসে নির্বাচন এবং মাসে মাসে ভাতা প্রদান করা হবে। সে কারণে ইউনিয়ন ও উপজেলা কমিটির নির্ধারিত তারিখের মধ্যে সম্পন্ন পূর্বক উপকারভোগীর তালিকা প্রাথমিক ও চুড়ান্ত অনুমোদন করতে হবে।

ইতিমধ্যে ইউনিয়ন পর্যায়ে আই.ডি এবং পাসওয়ার্ড প্রেরণ করা হয়েছে। ইউনিয়ন পর্যায়ে উদ্যোগাদের প্রোফাইল তৈরী করে [dwa.mcbp@gmail.com](mailto:dwa.mcbp@gmail.com) ই-মেইলে জানানোর জন্য পূর্বে নির্দেশনা দেওয়া হয়েছিল। যে সকল উপজেলা থেকে উদ্যোগাদের তথ্য প্রেরণ করা হয় নাই, সেই সকল উপজেলা কর্মকর্তাদের ইউনিয়ন/পৌরসভার উদ্যোগাদের আই.ডি তৈরী করে মেইলে জানানোর জন্য বলা হলো।


## ভাতাভোগী নির্বাচনের শর্তঃ

- ① জুলাই/২০২২ থেকে ডিসেম্বর/২০২২ পর্যন্ত আবেদনকারীদের ডাটা ১৫/০১/২০২৩ খ্রিৎ তারিখ পর্যন্ত এন্টি করা যাবে। নির্ধারিত সময়ের পর জুলাই/২০২২ হতে ডিসেম্বর/২০২২ পর্যন্ত সময়ের ভাতাভোগীদের ডাটা এন্টি করা যাবে না।
- ② প্রতি মাসে যারা ৪-৬ মাসের গর্ভবতী তারা ভাতাভোগী হিসেবে ডাটা এন্টি করতে পারবে।
- ③ বরাদ্দ বিভাজন হতে যদি কোন ইউনিয়ন বাদ যায়, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা dwa.mcbp@gmail.com ই-মেইলে জানানোর জন্য বলা হল। পরবর্তীতে ঐ উপজেলার বরাদ্দ হতে পুন-বিন্যাস করা হবে।
- ④ নির্ধারিত ব্যক্তি দ্বারা ভাতাভোগীর ডাটা এন্টি করার জন্য বলা হলো।
- ⑤ সংযুক্ত বিভাজন অনুযায়ী ভাতাভোগী নির্বাচন করতে বলা হলো।
- ⑥ স্বাস্থ্য পরিবার পরিকল্পনা / পরিবার পরিকল্পনা দপ্তর কর্তৃক এ.এন.সি কার্ড (এন্টি নেটওয়ার্ক কার্ড) পর্যবেক্ষণ করবেন।

উপরোক্ত শর্তপূরণ সাপেক্ষে ২০২২-২০২৩ অর্থ বছরের মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় নির্ধারিত বিভাজন অনুযায়ী ভাতাভোগী নির্বাচন করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

উল্লেখ্য মা ও শিশু সহায়তা কর্মসূচির কার্যক্রম মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, মন্ত্র পরিষদ বিভাগ, অর্থ বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ নিবিড় ভাবে পর্যবেক্ষণ করছে। সুতরাং কর্মসূচির কার্যক্রম বাস্তবায়নে নীতিমালা বিশেষভাবে অনুসরণ করার জন্য বলা হলো।

বিষয়টি অতীব জরুরি।

  
২২/৭/২০২২  
(মনোয়ারা ইশরাত)  
পরিচালক (যুগ্মসচিব)  
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

## কার্যালয়ে বিতরণঃ

- ১। উপপরিচালক, উপপরিচালকের কার্যালয় ----- জেলা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার,-----।
- ৩। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা -----।

## জ্ঞাতার্থে অনুলিপিঃ

- ১। মহাপরিচালক মহোদয়ের ব্যাক্তিগত কর্মকর্তা (মহাপরিচালকের অবগতির জন্য), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।